শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.২২৬.১৮-৪৯৯

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরুপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১২৬৯৪/২০১৮ | মো: মাহবুবুর রহমান, পিতা- হাবিবুর রহমান, অধ্যক্ষ, নন্দনপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাগমারা, রাজশাহী। | ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ২। মহাপরিচালক, কাশিঅ, ৩। পরিচালক (ভোক), কাশিঅ, ৪। অতিরিক্ত সচিব (ভোক), কাশিঅ, ৫। যুগ্মসচিব (প্রশাসন), টিএমইডি এবং আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭ সংখ্যক স্মারকমূলে ৩নং বিবাদীর স্বাক্ষরে এমপিও বাতিল করা হয় । উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব মো: মাহবুবুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১২৬৯৪/২০১৮ মামলা দায়ের করা হয়। |

০২। যেহেতু সরকারের বিপক্ষে রিট মামলা দায়ের হয়েছে এবং উক্ত মামলাটি গত ১৪/১০/২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পত্রের কার্যক্রম ০৪ (চার) মাস স্থগিত রেখে পিটিশনারকে বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের অন্তর্বর্তীকালীনসহ ১১/১১/২০১৮ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশ vacate করণ প্রয়োজন এবং সেসাথে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যক।

০৩। সে মতে উক্ত রিট মামলায় অন্তর্বর্তীকালীন আদেশ সরকার পক্ষে vacate করণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে vacate করণের পদক্ষেপ গ্রহণক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা আবশ্যক। সে সাথে উক্ত মামলায় দ্রুত সরকার পক্ষে জবাব দাখিল করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২৬৯৪/২০১৮ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি/মাস্টার কপি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.২২৭.১৮-৫০০

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ / ১১ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরুপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১৩৩৫৪/২০১৮ | মো: শাহ আলম, পিতা- মরহুম হোসেন আলী সরকার, সহকারী সুপার নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসা, উপজেলা-রাজারহাট, জেলা-কুড়িগ্রাম। | ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ২। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম এবং আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন। | নাজিমখান মহিলা দাখিল মাদ্রাসার সহ: সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান না করে বিধিবহির্ভূতভাবে ৬নং মৌলভী মফিজুল হক ফারাজিকে (ভারপ্রাপ্ত) সুপারের দায়িত্ব প্রদানের বিষয়ে পিটিশনার কর্তৃক ১৮/০৯/২০১৮ খ্রি. তারিখের মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর আবেদন করা হয় । উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ মামলা দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ১১/১১/২০১৮ খ্রি. তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক ১৮/০৯/২০১৮ খ্রি. তারিখের আবেদনটি ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য ১নং বিবাদী (মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) এর প্রতি অন্তর্বর্তীকালীন নির্দেশনাসহ ০৯/১২/২০১৮ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর নির্দেশের পরিপ্রেক্ষিতে আদালত কর্তৃক ধার্য তারিখের মধ্যে উক্ত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলসহ মামলার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

০৪। সে মতে উক্ত রিট মামলায় অন্তর্বর্তীকালীন আদেশের পরিপ্রেক্ষিতে জবাব (Affidavit in opposition) দাখিল হয়েছে কীনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কী? না হয়ে থাকলে সরকার পক্ষে দ্রুত জবাব দাখিলক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা আবশ্যক। সে সাথে পিটিশনার কর্তৃক দাখিলকৃত আবেদনটি (যা গত ১৮.০৯.২০১৮ খ্রি. তারিখে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল হয়েছে) নিষ্পত্তিক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৫। এমতাবস্থায়, উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩৩৫৪/২০১৮ মামলার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণক্রমে আগামী ৩০/১২/২০১৮ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি/মাস্টার কপি।